# আজ সন্ধ্যায় বিএনপির স্থায়ী কমিটির জরুরি বৈঠক



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের ভাষণের পর বিএনপি আজ সন্ধ্যায় জরুরি স্থায়ী কমিটির বৈঠক আহ্বান করেছে। বৈঠকটি সন্ধ্যা ৭টায় দলের চেয়ারপারসনের গুলশান কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

বৈঠকে সভাপতিত্ব করবেন দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, "প্রধান উপদেষ্টার ভাষণে জুলাই সনদ লজ্জিত হয়েছে। সংবিধান সংস্কার পরিষদ নতুন ধারণা হলেও ঐকমত্য কমিশনে এ বিষয়ে কোনো আলোচনা হয়নি।"

প্রধান উপদেষ্টা ভাষণে জানিয়েছেন, জাতীয় সংসদ নির্বাচনের দিনই জুলাই সনদ বাস্তবায়নের গণভোট অনুষ্ঠিত হবে। বিএনপি আগেও একই দাবি জানিয়েছিল। তবে জামায়াতসহ আটটি দল আগে ভোট আয়োজনের পক্ষে অবস্থান নিয়েছিল।

LENS ASIA